ব্রাজিলের বিদায়ের পরই তিতের পদত্যাগ

বিশ্বকাপ জয়ের অন্যতম দাবিদার হয়েই পা রেখেছিলেন কাতারে। মরুর বুকে প্রথম বিশ্বকাপের নিজেদের হেক্সা জয়ের স্বপ্ন নিয়েই আগমন হয়েছিলো সর্বোচ্চ পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন ব্রাজিলের। তবে ফুটবল বিধাতা হয়তো ঠিক করে রেখেছিউলেন অন্যরকম কিছুই। ২০০২ সালের শিরোপা জয়ের পর থেকে গত চার আসরের তিনবারই কোয়ার্টার ফাইনাল থেকে বাদ পড়েছিলো ব্রাজিল। এবারও হলো সেই ইতিহাসের পুনরাবৃত্তি। ক্রোয়েশিয়ার কাছে টাইব্রেকারে হেরে কাতার বিশ্বকাপের শেষ আট থেকেই বিদায় নিয়েছে সেলেসাওরা।

বিশ্বকাপ থেকে বিদায়ের পরপরই পদত্যাগের সিদ্ধান্তের কথা জানালেন ব্রাজিল কোচ তিতে। এডুকেশন সিটি স্টেডিয়ামে ম্যাচ পরবর্তী সংবাদ সম্মেলনেই তিনি বলেন, ‘আমার এই চক্রের সমাপ্তি এখানেই।’

নির্ধারিত সময়ে গোলশূন্য সমতায় থাকা খেলা অতিরিক্তব সময়ে গড়ালে ১০৫ মিনিটে ব্রাজিলকে এগিয়ে নিয়েছিলেন নেইমার। তবে অতিরিক্ত সময়ের শেষের দিকে ব্রুনো পেতকোভিচের গোলে সমতায় ফেরে ক্রোয়েশিয়া। খেলা টাইব্রেকারে গড়ালে ৪-২ ব্যবধানে হেরে বিশ্বকাপ থেকে বিদায় নেয় হলুদ জার্সিধারীরা।

পদত্যাগের ঘোষণা দিয়ে তিতে বলেন, ‘আমি প্রায় এক থেকে দেড় বছর আগেই বলেছিলাম বিশ্বকাপের পর দায়িত্ব ছাড়বো। আমি যা বলেছি সেই কথা থেকে সরে আসছি না। নাটকের কোনো প্রয়োজন নেই। আরও অনেক ভালো পেশাদার মানুষ আছেন যারা আমার জায়গায় আসতে পারেন। আমার এই চক্রের সমাপ্তি এখানেই।’

২০১৬ সালে দায়িত্ব নেওয়ার পর ২০১৮ বিশ্বকাপেও কোয়ার্টার ফাইনাল থেকে বিদায় নিয়েছিলো ব্রাজিল। তবে ২০১৯ সালেই সেলেসাওদের জিতিয়েছিলেন কোপা আমেরিকা। তবে ২০২২ বিশ্বকাপে এসে আবারও কোয়ায়ররটার ফাইনালেই স্বপ্নভঙ্গ ব্রাজিলিয়ানদের।

শেষ আটের যুদ্ধের প্রস্তুতিতে ব্যস্ত হেভিওয়েটরা

কাতার বিশ্বকাপে আগামীকাল শুক্রবার (৯ ডিসেম্বর) থেকে শুরু হতে যাচ্ছে কোয়ার্টার ফাইনালের লড়াই। কোয়ার্টার ফাইনালকে সামনে রেখে পুরোদমে প্রস্তুতি চলছে ব্রাজিল, আর্জেন্টিনা, ফ্রান্সসহ অন্যান্য হেভিওয়েট দলগুলোর।

পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন ব্রাজিল, বর্তমান চ্যাম্পিয়ন ফ্রান্স, লিওনেল মেসির আর্জেন্টিনা এবং তারুণ্য নির্ভর উজ্জীবিত ইংল্যান্ড প্রতিটি দলই কাতারের প্রথম রেস্ট ডে’তে নিজেদের প্রস্তুতিতে ব্যস্ত ছিল।

ফেবারিটদের তালিকায় নাম যোগ করেছে পর্তুগালও। শেষ ষোলোতে সবচেয়ে দাপুটে জয় দিয়ে তারা কোয়ার্টার ফাইনালে পৌঁছেছে। সুইজারল্যান্ডকে ৬-১ গোলে বিধ্বস্ত করে আত্মবিশ্বাসী পর্তুগাল এখন টুর্নামেন্টের নতুন ফেবারিট। বিশেষ করে ক্রিশ্চিয়ানো রোনালদোর জায়গায় মূল একাদশে খেলতে নেমে ২১ বছর বয়সী গনসালো রামোস কাতার বিশ্বকাপের প্রথম হ্যাটট্রিকম্যান হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেছেন।

কোয়ার্টার ফাইনালে আরেক বিস্ময় মরক্কোর মোকাবেলা করতে হবে পর্তুগালকে। পেনাল্টিতে মরক্কোর কাছে হেরে বিদায় নিয়েছে স্পেন। পুরো ম্যাচেই আধিপত্য দেখানো স্প্যানিশরা আরো একবার তাদের সমর্থকদের প্রত্যাশা পূরনে ব্যর্থ হয়েছে।

ফিফা সভাপতি গিয়ান্নি ইনফ্যান্তিনো কাতারের গ্রুপ পর্বের খেলার প্রশংসা করে বলেছেন ইতোমধ্যেই এই বিশ্বকাপ সর্বকালের সেরার তকমা পেয়ে গেছে।

গ্রুপ পর্বে বেশ কিছু অঘটন দেখেছে পুরো ফুটবল বিশ্ব। আর্জেন্টিনার বিপক্ষে সৌদি আরবের জয়টি ছিল প্রথম অঘটন। এরপর জার্মানি ও স্পেনকে পেছনে ফেলে গ্রুপের শীর্ষস্থান দখল করে জাপান । বেলজিয়ামকে পরাজিত করে ক্রোয়েশিয়ার সঙ্গে ড্র করে শেষ ষোলোর টিকিট পায় মরক্কো।

ইনফ্যান্তিনো বলেন, ‘আমি সবগুলো ম্যাচই দেখেছি। সহজভাবে বললে

এবারের গ্রুপ পর্বের ম্যাচগুলোর ছিল বিশ্বকাপের সেরা ম্যাচ। সে কারণেই বাকি ম্যাচগুলোতেও একই ধরনের উত্তেজনা আশা করছি। চমৎকার স্টেডিয়ামগুলোতে দুর্দান্ত সব ম্যাচ যেন আরো প্রাণবন্ত হয়ে উঠেছিল। এখানকার দর্শকরাও অসাধারণ।’

শুক্রবার প্রথম কোয়ার্টার ফাইনালে রাশিয়া বিশ্বকাপের রানার্স-আপ ক্রোয়েশিয়ার বিপক্ষে মাঠে নামবে ব্রাজিল। দক্ষিণ কোরিয়াকে ৪-১ গোলে বিধ্বস্ত করে শেষ ষোলো পার করা ব্রাজিল এখনো ফেবারিটের তকমা গায়ে লাগিয়ে এগিয়ে চলেছে। সৌদি আরবের বিরুদ্ধে হতাশাজনক পরাজয় দিয়ে আসর শুরু করা আর্জেন্টিনা শেষ আটে খেলবে এখন পর্যন্ত টুর্নামেন্টে অপরাজিত থাকা নেদারল্যান্ডের বিপক্ষে। পরের দিন অপর দুই কোয়ার্টার ফাইনালের লড়বে মরক্কো-পর্তুগাল ও ইংল্যান্ড-ফ্রান্স।

মিরাজ-মাহমুদউল্লাহর রেকর্ড জুটি

মাহমুদুল্লাহ ক্রিজে এসেছিলেন ইনিংসের ১৭তম ওভারে। উমরান মালিকের বলে উইকেটের পেছনে দুর্দান্ত এক ক্যাচ হয়ে তিনি ফিরলেন ইনিংসের ৪৭ তম ওভারে। মাঝের এই ৩০ ওভারে মিরাজকে নিয়ে গড়লেন ভারতের বিপক্ষে বাংলাদেশের যেকোন উইকেটে সর্বোচ্চ ১৪৮ রানের জুটি।

প্রথম ওয়ানডেতে মিরাজের দৃঢ়চিত্তের ব্যাটিংয়ে ১ উইকেটের অবিস্মরণীয় জয় পেয়েছিলো বাংলাদেশ। সিরিজ জয়ের লক্ষ্য নিয়ে দ্বিতীয় ওয়ানডেতে প্রথমে ব্যাটিংয়ে নেমেই বিপরররযয়ের মুখে টাইগারদের ব্যাটিং লাইআপ। ৬৯ রানেই নেই ৬ উইকেট। ১০০ রানের নিচেই গুটিয়ে যাওয়ার ভয় টাইগারদের ড্রেসিং রুম। ঠিক সেখানেই যেন বুক চিতিয়ে দাঁড়িয়ে গেলেন আগের ম্যাচের নায়ক মিরাজ। সঙ্গী হিসেবে পেলেন বাংলাদেশের বহুবার ঘুরে দাঁড়ানোর নায়ক মাহমুদুল্লাহ রিয়াদকে।

দুজনের জুটি শুরু ১৯তম ওভার থেকে। ভারতীয় বোলাররা চোখ রাঙ্গাচ্ছিলেন ১০০’র নিচে অলআউট করে দেওয়ার জন। তাদের সেই উইকেটে

আনন্দের সামনে যেন ঢাল হয়ে দাঁড়িয়ে গেলেন মিরাজ-মাহমুদুল্লাহ।

দুজন মিলে একটু একটু করে দেখশুনে এগিয়ে নিতে থাকেন বাংলাদেশের ইনিংস। ৬৯ রানে ৬ উইকেট থেকে টাইগারদের ইনিংস নিয়ে যান ২০০ রানের ওপর। দুজনই তুলে নেন নিজেদের ফিফটিও।

অবশেষে ৪৭তম ওভারের প্রথম বলে এসে ভাঙে ১৪৮ রানের জুটি। উমরান মালিকের বলে উইকেটের পেছনে লোকেশ রাহুলের দারুণ এক ক্যাচ সাজঘরে ফেরেন রিয়াদ। ফেরার আগে ৯৬ বল খেলে ৭ চারের সাহায্যে করেন ৭৭ রান।

রিয়াদের আউটে জুটি ভাঙলেও শেষ পর্যন্ত টিকে ছিলেন মিরাজ। ইনিগসের শেষ বলে নিজের প্রথম ওয়ানডে সেঞ্চুরি তুলে নেন মিরাজ। ৬৯ রানে ৬ উইকেট থেকে বাংলাদেশের ইনিংস থামে ৭ উইকেটে ২৭১ রানে।

দায়িত্ব থেকে সরে দাঁড়ালেন দক্ষিণ কোরিয়ার কোচ

কাতার বিশ্বকাপে শেষ ষোলো’র লড়াইয়ে ব্রাজিলের কাছে এক রকম বিধ্বস্ত হয়ে আসর থেকে বিদায় নিয়েছে দক্ষিণ কোরিয়া। সেলেসাওদের কাছে ৪-১ গোলে হেরেছে তারা। ম্যাচের ৩৬ মিনিটের মধ্যে ৪ গোল হজম করে ম্যাচ থেকে ছিটকে যায় দক্ষিণ কোরিয়া। দলের এমন হারের পর প্রধান কোচের পদ থেকে সরে দাঁড়িয়েছেন দক্ষিণ কোরিয়া কোচ পাওলো বেন্তো। তবে দলের হারের পর এই সিদ্ধান্ত নেননি পর্তুগিজ এই কোচ। গত সেপ্টেম্বরে এই সিদ্ধান্ত নিয়েছেন তিনি। এমটায় জানিয়েছেন পাওলো বেন্তো।

ম্যাচ পরবর্তী সংবাদ সম্মেলনে বেন্তো বলেন, ‘গত চার বছরের পারফরম্যান্স আমাদের এতদূর নিয়ে এসেছে। আমরা গ্রুপ পর্বে ভালো খেলেছি, যার ফল হিসেবে আমরা শেষ ষোলো’তে খেলেছি। কোরিয়ার কোচ হিসেবে আমি গর্বিত এবং সবাইকে ধন্যবাদ দিতে চায়। আমি ফেডারেশন ও খেলোয়াড়দের আমার পদত্যাগের ব্যাপারে অবহিত করেছি।’

নিজের ভবিষ্যৎ নিয়ে এখনও কিছু বলেননি পাওলো বেন্তো। তিনি আরও বলেন, ‘কিছুদিন বিশ্রাম নেব,তারপর দেখা যাবে।’ বেন্তো ২০১৮ সালের বিশ্বকাপের পর দক্ষিণ কোরিয়ার দায়িত্ব নেন। গত দুই আসরে দ্বিতীয় রাউন্ডে খেলতে না পারলেও কাতার বিশ্বকাপে বেন্তোর অধীনে নক আউট পর্বে খেলার সুযোগ পায় কোরিয়া।

গাংনীর সাহারবাটিতে শেখ রাসেল মিনি স্টেডিয়ানের স্থান নির্বাচন

গাংনীর সাহারবাটিতে শেখ রাসেল মিনি স্টেডিয়াম দেখছে আলোর মুখ,খুব শিঘ্রই শুরু হবে কাজ। স্থান নির্বাচন,মাটি পরিক্ষাসহ সবধরনের প্রস্ততি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। স্টেডিয়ামের নির্মাণ কাজ শুরুর জন্য উপজেলা প্রশাসনের পক্ষ থেকে একটি টীম জায়গা পরিদর্শন করেছেন। এবং মাঠের চারপাশে লাল নিশান দিয়ে স্থান নির্বাচন কাজ সম্পন্ন করেছে। কাজ বাস্তবায়নে গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম এবং সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম প্রকল্প প্রকৌশলী শফিকুল ইসলাম মিনি স্টেডিয়ামের কাজের লে আউট প্রদানের কাজ সম্পন্ন করেন।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক প্রায় সাড়ে পাঁচ কোটি টাকা নির্মাণ ব্যায় ধরা হয়েছে। স্টেডিয়াম নির্মাণ কাজের ব্যামধ্যে রয়েছে ভূমি উন্নয়ন ও খেলার মাঠের উন্নয়নসহ পাঁচ ধাপ বিশিষ্ট ৩০০ ফিটের গ্যালারি এবং ৩ তলা বিশিষ্ট একটি প্যাভিলিয়ন ভবন।

গাংনী উপজেলা শহর থেকে ৪◌ার কিলোমিটার পশ্চিমে সাহারবাটি গ্রাম। জমিজমা জটিলতা না থাকায় এবং বিভিন্ন মাধ্যম থেকে সাহারবাটি ফুটবল মাঠ টি মিনি স্টেডিয়াম নির্মাণের উপযোগী হিসেবে মনোনীত করা হয়। বর্তমান সরকারের উন্নয়নের ধারাবাহিকতায় সাহারবাটি গ্রামের ফুটবলমাঠে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ হওয়ায় এলাকাবাসী সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম জানান, স্টেডিয়াম নির্মাণ কাজের সকল প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। দুএক দিনের মধ্যেই কাজ শুরু হবে।

ব্রাজিল এখনও শিরোপার দাবিদার: মেসি

কাতার বিশ্বকাপে ফেভারিট হিসেবে টুর্নামেন্ট শুরু করেছিলো পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন ব্রাজিলে। গ্রুপ পর্বে নিজেদের প্রথম ম্যাচে সার্বিয়েকে ২-০ ও দ্বিতীয় ম্যাচে সুইজারল্যান্ডকে ১-০ গোলে হারিয়ে নক আউট পর্ব নিশ্চিত করে ব্রাজিল। ফেভারিটদের মতোই বিশ্বকাপ অভিযান শুরু করেছিলো তিতের শিষ্যরা। তবে গ্রুপে নিজেদের শেষ ম্যাচে ক্যামেরুনের কাছে ১-০ গোলে হেরে হোঁচট খায় ব্রাজিল। আর এতে অনেকেই ব্রাজিলকে ফেভারিটের তালিকা থেকে বাদ দিতে থাকে।

তবে ব্রাজিলকে ফেভারিটের তালিকা থেকে বাদ দিতে নারাজ চিরপ্রতিদ্বন্দ্বী আর্জেন্টিনার প্রাণভোমরা লিওনেল মেসি। সম্প্রতি আর্জেন্টাইন সংবাদমাধ্যম ‘ওলে’-কে বলেন, ‘ব্রাজিল এখনও শিরোপার দাবিদার। ক্যামেরুনের কাছে হারলেও তার বেশ ভালো খেলছে। আপনি ব্রাজিলকে হিসাবের বাইরে রাখতে পারবেন না। তারা বেশ শক্তিশালী দল।’

এই বিশ্বকাপে ঘটেছে বেশ কিছু অঘটন। গ্রুপ পর্ব থেকেই বাদ পড়েছে বেলজিয়াম ও জার্মানির মতো দল। এই প্রসঙ্গে মেসি আরও বলেন, ‘জার্মানির মতো দল বাদ পড়ায় আমি বেশ অবাক হয়েছি। এবারের বিশ্বকাপ দেখিয়ে দিচ্ছে সবাই সমান। বড়-ছোটোর হিসাব মাঠের বাইরে। মাঠে যারা ভালো খেলবে, দিন তাদের।’

মিরাজের লড়াকু ব্যাটে জয় পেলো বাংলাদেশ

ঘরের মাটিতে ভারতের বিপক্ষে তিন ম্যাচ ওয়ানডে সিরিজের প্রথম ম্যাচে ভারতকে ১ উইকেটে হারিয়েছে বাংলাদেশ। রোববার (৪ ডিসেম্বর) মিরপুর শেরে বাংলা ক্রিকেট স্টেডিয়ামে টস জিতে ভারতকে ব্যাটিংয়ে পাঠায় বাংলাদেশ। প্রথমে ব্যাট করতে নেমে সাকিব আল হাসানের স্পিন ভেল্কিতে ১৮৬ রানে গুটিয়ে যায় ভারত। ১৮৭ রানের টার্গেটে ব্যাট করতে নেমে মেহেদী মিরাজের লড়াকু ব্যাটে ৪ ওভার হাতে রেখে ১ উইকেটের জয় পায় বাংলাদেশ।

১৮৭ রানের টার্গেটে ব্যাট করতে নেমে ইনিংসের প্রথম বলেই উইকেট হারায় বাংলাদেশ। দিপক চাহারের বলে রানের খাতা না খুলেই সাজঘরে ফিরে যান নাজমুল শান্ত। এরপর ক্রিজে এসে দ্রতই আউট হয়ে যান এনামুল বিজয়। দলীয় ২৬ রানে ২৯ বলে ১৪ রান করে আউট হন তিনি।

বিজয়ের বিদায়ের পর ক্রিজে আসেন সাকিব আল হাসান। ওপেনিংয়ে নামা লিটন দাসকে সঙ্গে নিয়ে ৪৮ রানের জুটি গড়ে শুরুর চাপ সামাল দেন সাকিব। সাবলীল ব্যাটিং করতে থাকেন লিটন। তবে দলীয় ৭৪ রানে ৬৩ বলে ৪০ রান করে ওয়াশিংটন সুন্দরের বলে উইকেটের পেছনে ক্যাচ দিয়ে ফিরে যান লিটন।

লিটনের বিদায়ের মুশফিককে সঙ্গে নিয়ে রানের চাকা সচল রাখেন সাকিব। তবে দলীয় ৯৫ রানে সাজঘরে ফিরে যান সাকিব। ৩৮ বলে ২৯ রান করে আউট হন তিনি। এরপর ক্রিজে আসেন মাহমুদুল্লাহ রিয়াদ। মুশফিককে সঙ্গে নিয়ে ইনিংস মেরামতের চেষ্টা করেন তিনি। দু’জন মিলে পঞ্চম উইকেট জুটিতে যোগ করেন ৩৩ রান। তবে এরপরেই সাজঘরে ফিরে যান এই দুই ব্যাটার। ইনিংসের ৩৫তম ওভারের শেষ বলে দলীয় ১২৮ রানে আউট হন মাহমুদুল্লাহ। আর ৩৬তম ওভারের প্রথম বলেই সিরাজের বলে বোল্ড হয়ে সাজঘরের পথ দরেন মুশফিক।

এই দুই ব্যাটারের বিদায়ের পর ধুঁকতে থাকে বাংলাদশ। ক্রিজে আসেন আফিফ হোসেন ও মেহেদী মিরাজ। তবে দ্রুতই আউট হয়ে যান আফিফ। দলীয় ১৩৪ রানে ১২ বলে মাত্র ৬ রান করে আউট হন তিনি। এরপর ক্রিজে এসেই ফিরে যান এবাদত। তিন বল খেলে রানের খাতা না খুলেই আউট হন তিনি। ১৩৫ রানে ৮ উইকেট হারিয়ে ম্যাচ থেকে ছিটকে যায় বাংলাদেশ।

ইবাদতের বিদায়ের পর ক্রিজে আসেন হাসান মাহমুদ। এসেই আউট হয়ে ফিরে যান তিনি। দুই বলে খেলে শূন্য হাতে ফিরে যান তিনি। শেষ ব্যাটার হিসেবে ক্রিজে আসেন মোস্তাফিজুর রহমান। মোস্তাফিকে সঙ্গে নিয়ে লড়াই করার চেষ্টা করেন মেহেদী মিরাজ। মোস্তাফিজকে এক পাশে রেখে একাই ব্যাটিং চালিয়ে যান মেহেদী। তার ব্যাটিংয়ে ভর করে জয়ের স্বপ্ন দেখতে থাকে বাংলাদেশ।

শেষ ৬ ওভারে জয়ের জন্য ১৪ রান প্রয়োজন হয় বাংলাদেশের। ইনিংসের ৪৫তম ওভারের তৃতীয় বলে চার মারেন মোস্তাফিজ। পরের বলে সিঙ্গেল নিয়ে মেহেদীকে স্ট্রাইক দেন তিনি। ওভারের শেষ বলে সিঙ্গেল নিয়ে স্ট্রাইক নিজের কাছে রাখেন মেহেদী। ইনিংসের ৪৬তম ওভারের প্রথম বলেই চার মারেন মিরাজ। ফলে জয়ের জন্য আর মাত্র ৪ রান প্রয়োজন হয় বাংলাদেশের।

ওভারের দ্বিতীয় ও তৃতীয় বল ডট দিয়ে চতুর্থ বলে সিঙ্গেল নেন তিনি। ওভারের চতুর্থ বল নো করেন দিপক চাহার। ফ্রি হিট বল ডট দেন মোস্তাফিজ। পরের বলে সিঙ্গেল নিয়ে ম্যাচ টাই করেন মোস্তাফিজ। ওভারের শেষ বলে চার মেরে বাংলাদেশের জয় নিশ্চিত করে মেহেদী মিরাজ। মোস্তাফিজ ১১ বলে ১০ ও মেহেদী মিরাজ ৩৯ বলে ৩৮ রান করে অপরাজিত থাকেন।

সাকিব-এবাদতে ১৮৬ রানেই থামলো ভারত

প্রথম ওয়ানডেতে আগে ব্যাট করতে নেমে সাকিবের ঘূর্নি জাদু আর এবাদত হোসেনের গতির সামনে মাত্র ১৮৬ রানেই গুটিয়ে গেছে ভারত। টস জিতে ভারতকে ব্যাটিংয়ে পাঠিয়েছিলো বাংলাদেশ। সাকিব আল হাসান নিজের ঘূর্নিজাদুতে তুলে নিয়েছেন ৫ উইকেট। সাকিবের সঙ্গে পাল্লা দিয়েই নিজের গতি আর সুইংয়ের মিশ্রণে ৪ উইকেট তুলে নিয়েছেন পেসার এবাদত হোসেন।

সাত বছর পর বাংলাদেশ সফরে এসেছে ভারত। সফরে তিন ম্যাচ ওয়ানডে সিরিজের প্রথম ম্যাচে আজ বেলা ১২ টায় মিরপুরের শের-ই-বাংলা জাতীয়

এরপরের ওভারে এবাদতকে যেন প্রতিদান দেন সাকিব নিজে। এবাদতের বলে শূন্য রানে তজাকা শাহবাজের দারুণ এক ক্যাচ নেন সাকিব।

পরের ওভারেই শার্দুল ঠাকুর আর দীপক চাহারকে ফিরিয়ে নিজের পাঁচ উইকেট পূর্ণ করেন সাকিব। ১৫৬ রানে ৮ উইকেট হারিয়ে ফেলা ভারতকে একাই এগিয়ে নিচ্ছিলেন রাহুল।

শেষ পর্যন্ত ৭৩ রান করে এবাদতের বলে থার্ড ম্যানে ক্যাচ দেন রাহুল। তার ৭০ বলে ৭৩ রানের ইনিংসে ছিলো ৫ চার আর ৪ ছক্কা। এরপর ৪২তম ওভারে মোহাম্মদ সিরাজকে ফিরিয়ে ভারতকে ১৮৬ রানেই অলআউট করে দেন এবাদত।

বাংলাদেশের হয়ে ৩৬ রান দিয়ে ৫ উইকেট নেন সাকিব আর ৪৭ রানে ৪ উইকেট তুলে নেন এবাদত।

আলমডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে ৪দিন ব্যাপী স্কাউটসের কাপ ক্যাম্পুরীর সমাপনী

আলমডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে উপজেলা স্কাউটসের ষষ্ঠ কাপ ক্যাম্পুরি-২০২২ সমাপনী অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সন্ধ্যায় বন্ডবিল সরকারী প্রাথমিক বিদ্যালয় চত্বরে ৪ দিন ব্যাপী এ অনুষ্ঠানের সমাপনী অনুষ্ঠিত হয়েছে।

সমাপনী অনুষ্ঠানে আলোচনা সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা প্রশাসক মোহাম্মদ আরাফাত রহমান।

অনুষ্ঠানর প্রধান অতিথি হিসেবে চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনের উপস্থিত থাকার কথা থাকলেও চুয়াডাঙ্গাতে বিশেষ সভা থাকার কারণে তিনি আসতে পারেননি।

সভায় বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার

মোহাম্মদ রনি আলম নূর, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মুস্তাফিজুর রহমান, উপজেলা স্কাউটসের কমিশনার ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, জেলা উস্কাউটস সম্পাদক আব্দুল হান্নান প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু।

স্বাগত বক্তব্য রাখেন উপজেলা স্কাউটসের সাধারণ সম্পাদক প্রধান শিক্ষক নুরুল ইসলাম দীপু। উপজেলা স্কাউটস এর যুগ্ন সম্পাদক ও শিক্ষক সমিতির সভাপতি রেফাউল হকের পরিচালনায় বক্তব্য রাখেন উপজেলা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আশরাফুল আলম,;যুগ্ম সম্পাদক মোল্লা ফেরদৌস রিজভী, প্রধান শিক্ষক মোঃ মনিরুজ্জামান, মোঃ আবুল কাশেম, মোঃ আব্দুল হান্নান, সরকারি প্রধান শিক্ষক ইলিয়াস হোসেন, ৪টি সাব ক্যাম্পে নয়টি প্রতিষ্ঠানের ১১৪ জন ছেলে মেয়ে কাপ স্কাউটস হিসাবে অংশগ্রহণ করে।

টাইগারদের ১৫তম ওয়ানডে অধিনায়ক লিটন

আগামীকাল থেকে শুরু হতে যাওয়া ভারতের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজে বাংলাদেশকে নেতৃত্ব দিবেন ব্যাটার লিটন দাস। টাইগারদের ১৫তম অধিনায়ক হিসেবে ভারতের বিপক্ষে টস করতে নামবেন তিনি।

কুঁচকির ইনজুরির কারনে ভারতের বিপক্ষে ওয়ানডে সিরিজ থেকে ছিটকে গেছেন নিয়মিত অধিনায়ক তামিম ইকবাল। তামিমের জায়গায় ভারতের বিপক্ষে অধিনায়কত্বের গুরুদায়িত্ব পেয়েছেন এখন পর্যন্ত ৫৭ ওয়ানডে খেলা লিটন।

ভারতের বিপক্ষে সিরিজের প্রথম ওয়ানডেতে টস করতে নামলেই ১৫তম অধিনায়ক হিসেবে রেকর্ডবুকে নাম তুলবেন লিটন। এর আগেও বাংলাদেশের জার্সিতে অধিনায়কত্ব করার অভিজ্ঞতা আছে লিটনের, তবে সেটি টি-টোয়েন্টি ফরম্যাটে। ২০২১ সালের মার্চে নিউজিল্যান্ডের সফরে দ্বিতীয় টি-টোয়েন্টিতে ইনজুরিতে পড়েন তৎকালীন অধিনায়ক মাহমুদদুল্লাহ রিয়াদ। মাহমুদুল্লাহর ইনজুরিতে সিরিজের তৃতীয় ও শেষ টি-টোয়েন্টিতে দলকে নেতৃত্ব দিয়েছিলেন লিটন।